# নিবন্ধন বাছাইয়ে বাদ এনসিপি সহ ১৪৪ দল, ১৫ দিনের আলটিমেটাম দিল ইসি




সংগৃহীত ছবি

নিবন্ধনের জন্য আবেদন করলেও নির্বাচন কমিশনের প্রাথমিক যাচাই-বাছাইয়ে উত্তীর্ণ হতে পারেনি জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)সহ ১৪৪টি রাজনৈতিক দল। দলগুলোকে ঘাটতি পূরণে ১৫ দিনের সময়সীমা বেঁধে দিয়ে চিঠি দিচ্ছে ইসি।

নতুন রাজনৈতিক দল হিসেবে নিবন্ধনের জন্য নির্বাচন কমিশনের (ইসি) কাছে আবেদন করেছিল ১৪৪টি দল। তবে কমিশনের প্রাথমিক যাচাই-বাছাইয়ে একটিও উত্তীর্ণ হতে পারেনি। কাগজপত্রের ঘাটতি, কাঠামোগত দুর্বলতা, সাংগঠনিক অনুপস্থিতি ও প্রয়োজনীয় শর্ত পূরণে ব্যর্থতার কারণে এসব দলকে আপাতত বাতিল তালিকায় রাখা হয়েছে।

তালিকায় রয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), ভূমিহীন পার্টি (বিএনএলপি), বাংলাদেশ মাতৃভূমি দল, বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী), বাংলাদেশ বেকার মুক্তি পরিষদ, মুসলিম সেভ ইউনিয়ন, বাংলাদেশ সমাজতান্ত্রিক দল (মার্কসবাদী), বাংলাদেশ নেজামে ইসলাম পার্টি, বাংলাদেশ গণতান্ত্রিক পার্টি (বিজিপি), সাধারণ জনতা পার্টি, দেশ বাঁচাও মানুষ বাঁচাও আন্দোলন, মৌলিক বাংলা, জাস্টিস অ্যান্ড ডেভেলপমেন্ট পার্টি, রিপাবলিকান পার্টিসহ বেশ কিছু অখ্যাত ও নবগঠিত সংগঠন।

ইসি জানিয়েছে, এসব দলকে ১৫ দিনের সময়সীমা বেঁধে দিয়ে ঘাটতি পূরণের নির্দেশ দিয়ে চিঠি পাঠানো হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে ঘাটতি পূরণ করতে না পারলে তাদের আবেদন বাতিল বলে গণ্য হবে।

কমিশন সূত্র জানায়, নিবন্ধনের জন্য অনিয়মিত বা আংশিক কাগজপত্র দিয়ে আবেদন করায় দলগুলো যাচাই-বাছাইয়ের ধাপে বাদ পড়েছে। তবে দলগুলোর ন্যূনতম সুযোগ রাখতেই চূড়ান্ত সিদ্ধান্তের আগে সময়সীমা দেওয়া হয়েছে।